# ওসমান হাদীকে গুলির ঘটনায় একজন শনাক্ত, শিগগিরই গ্রেপ্তার: ডিএমপি



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদীকে গুলির ঘটনায় একজন সন্দেহভাজনকে শনাক্ত করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। তিনি বলেন, শনাক্ত ব্যক্তিকে দ্রুত গ্রেপ্তারের উদ্যোগ নেওয়া হয়েছে।

শনিবার (১৩ ডিসেম্বর) সকালে রাজধানীর রাজারবাগে অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা কল্যাণ সমিতির বার্ষিক সাধারণ সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান ডিএমপি কমিশনার। তিনি বলেন, ঘটনাটি গুরুত্বসহকারে তদন্ত করা হচ্ছে। তদন্তের স্বার্থে এই মুহূর্তে বিস্তারিত জানানো সম্ভব নয়। একই সঙ্গে আসন্ন সংসদ নির্বাচনে প্রার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে বলেও উল্লেখ করেন তিনি।

ডিএমপির পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অভিযুক্ত সম্পর্কে তথ্য প্রদানকারীর পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে। পাশাপাশি তথ্যদাতাকে উপযুক্ত পুরস্কার দেওয়ার কথাও জানিয়েছে পুলিশ।

LENS ASIA

এদিকে মাথায় গুলিবিদ্ধ ইনকিলাব মঞ্চের মুখপাত্র ওসমান হাদীর শারীরিক অবস্থা এখনও সংকটাপন্ন। তাকে এভারকেয়ার হাসপাতালে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে।